

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৯৪

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা তাওবা

بَابُّ: وَمِنْ سُورَةِ التَّوْبَةِ

আরবী

حَدَّتَنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّتَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ إِسْرَائِيلَ، عَنْ مَنْصُور، عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْد، عَنْ ثَوْبَانَ، قَالَ لَمَّا نَزَلَتْ: (وَالَّذِينَ يَكْنِزُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ) قَالَ كُنَّا مَعْ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي بَعْضِ أَسْفَارِهِ فَقَالَ بَعْضُ أَصْحَابِهِ أُنْزِلَ فِي الذَّهَبِ وَالْفِضَّة مَا أُنْزِلَ. لَوْ عَلِمْنَا أَيُّ الْمَالِ خَيْرٌ فَنَتَّخِذَهُ فَقَالَ " أَفْضَلُهُ لِسَانٌ ذَاكِرٌ وَقَلْبٌ وَالْفِضَة مَا أُنْزِلَ. لَوْ عَلِمْنَا أَيُّ الْمَالِ خَيْرٌ فَنَتَّخِذَهُ فَقَالَ " أَفْضَلُهُ لِسَانٌ ذَاكِرٌ وَقَلْبٌ شَاكِرٌ وَزَوْجَةٌ مُؤْمِنَةٌ تُعِينُهُ عَلَى إِيمَانِهِ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ . سَأَلْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ فَقُلْتَ لَهُ سَالِمُ بْنُ أَبِي الْجَعْدِ سَمِعَ مِنْ ثَوْبَانَ فَقَالَ لاَ . فَقُلْتُ لَهُ مِمَّنْ سَمِعَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ سَمِعَ مِنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ وَأَنسَ بْنِ مَنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ سَمِعَ مِنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ وَأَنسَ بْنِ مَالِكُ وَذَكَرَ غَيْرَ وَاحِدٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

ত০৯৪. আবদ ইবন হুমায়দ (রহঃ) ছাওবান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ (الذَّهَبُ وَالْفِحْتَةُ याता সোনা ও রূপা পুঞ্জীভূত করে (৯ ి ৩৪)। আয়াতিট নাযিল হওয়ার পর এক দিন আমরা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক সফরে ছিলাম। কতক সাহাবী তাঁকে বললেনঃ সোনা-রূপার বিষয়ে এ (কঠোর) বাণী নাযিল হয়েছে। আমরা যদি জানতাম কোন সম্পদটি উত্তম তা হলে আমরা সেসম্পদ সঞ্চয় করতাম। তিনি বললেনঃ সর্বোত্তম সম্পদ হল জিকিররত জিহ্বা, কৃতজ্ঞ অন্তর এবং মুমিনা স্ত্রী, যে স্থামীর ঈমানে সহযোগিতা করে।

সহীহ, ইবন মাজাহ ১৮৫৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৯৪ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি হাসান। মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে জিজ্ঞাসা করে বলেছিলামঃ সালিম ইবন আবুল জা'দ (রহঃ) কি সরাসরি ছাওবান রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীস শুনেছেন? তিনি বললেনঃ না। আমি বললামঃ সাহাবীদের মধ্যে কার নিকট থেকে তিনি সরাসরি হাদীস শুনেছেন? তিনি বললেনঃ জাবির ইবন



আবদুল্লাহ্, আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহুমা থেকে তিনি সরাসরি হাদীস শুনেছেন এবং আরো কয়েকজন সাহাবীর কথা তিনি উল্লেখ করলেন।

English

Narrated Thawban:

"When (the following) was revealed: And those who hoard up gold and silver... (9:34)" He said: "We were with the Messenger of Allah () during one of his journeys, so some of his Companions said: (This) has been revealed about gold and silver, if we knew which wealth was better then we would use it. So he () said: 'The most virtuous of it is a remembering tongue, a grateful heart, and a believing wife that helps him with his faith.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন